



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৬৮/২০১৬/ ০৮৮৭৪

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

দিগনগর ফাজিল মাদরাসা, ডাকঘর: দিগনগর, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২১-০১-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. ফাজিলসহ সকল শ্রেণির শিক্ষার্থীদের নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত হওয়ার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং শিক্ষার্থীদের আরবি ও ইংরেজিতে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ল্যাংগুয়েজ ক্লাব (আরবি ও ইংরেজি)-এর কার্যক্রম অব্যাহত রাখতে হবে;
২. আগামী ০১ (এক) মাসের মধ্যে মাদরাসার সাইনবোর্ডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লেখার পাশাপাশি অতি দ্রুততম সময়ের মধ্যে সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষিকা (সমাজ বিজ্ঞান) জনাব সুলতানা মরিয়মের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৩. মাদরাসার অবকাঠামোগত উন্নয়ন এবং সরকারিভাবে নতুন ভবন বরাদ্দ পাওয়ার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রধান সড়ক হতে মাদরাসার গেইট পর্যন্ত সংযোগ সড়কটি (কাঁচা রাস্তা) পাকা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৪. শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ০১ (এক) মাসের মধ্যে কম্পিউটার সামগ্রী ক্রয় করার পাশাপাশি পরিবেশের ভারসাম্য রক্ষার্থে মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে;
৫. একটি আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং মাদরাসার সকল অ্যুলামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
৬. শ্রেণিকক্ষে ছেলে-মেয়েদের জন্য আলাদা পার্টিশনের (পর্দা) ব্যবস্থা করতে হবে এবং শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধিসহ মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা কমনরুম, ওয়াশরুম ও নামাজের স্থান নির্ধারণ করতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি মাদরাসার হোস্টেল ব্যবস্থা আরও আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৮. শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা ও আইপিএস-এর ব্যবস্থা করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, বাজেট কমিটি, ক্রম কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি ও শৃংখলা কমিটি গঠন করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)

মাদরাসা পরিদর্শক (অ.দা)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, দিগনগর ফাজিল মাদরাসা

ডাকঘর: দিগনগর, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৬৮/২০১৬/ ০৮৮৭৪

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দিগনগর ফাজিল মাদরাসা, ডাকঘর: দিগনগর, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ।
৭. অফিস নথি।

০৭.১০.২০২৬

(সোমা আক্তার)

সহকারী মাদরাসা পরিদর্শক

মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩